গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৮২.১৯.৮৭

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৬
১১ জুন ২০১৯

বিষয়: **রিট পিটিশন নং-১৬৯০/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৩.০৩.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: নজরুল ইসলাম, পিতা: মৃত ইউসুফ আলী, মাতা: মৃত হালিমা বেগম, গ্রাম:থাওইল চৌ পুকুরিয়া, থানা: সিংড়া, জেলা: নাটোরসহ ৭ জন আবেদনকারী কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৬৯০/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, জাল-জালিয়াতি করে নিয়োগপ্রাপ্ত হয়ে এমপিওভুক্তির মাধ্যমে সরকারী টাকা আত্মসাতের অভিযোগ প্রমাণিত হওয়ার প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩১.১৭(অংশ-১).৪২৫,তারিখ:০৭.১১.২০১৮ খ্রি: মূলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৩৪.১৭.৭৩, তারিখ:০৯.০১.২০১৯ খ্রি: এর মাধ্যমে নাটোর জেলার সিংড়া উপজেলাধীন আলহজ্ব জালাল উদ্দিন কারিগরি উচ্চ বিদ্যালয়ের সুপার এবং অন্যান্য ৬ জন ট্রেড ইন্সট্রাক্টর/ইন্সট্রাক্টর এর বেতন-ভাতা সাময়িকভাবে বন্ধ করা হয় এবং বেতন-ভাতার সরকারী অংশ ট্রেজারী চালানের মাধ্যমে ৭ (সাত) দিনের মধ্যে সরকারী কোষাগারে জমা দেয়ার নির্দেশ দেয়া হয়। এর পরিপ্রেক্ষিতে সংক্ষুব্ধ হয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৩৪.১৭.৭৩, তারিখ:০৯.০১.২০১৯ খ্রি:-কে চ্যালেঞ্জ করে আবেদনকারী জনাব মো: নজরুল ইসলাম গং কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৬৯০/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. রিট পিটিশন নং-১৬৯০/২০১৯ মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ৮ (আট) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারীর প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; এ সকল বিষয়ে প্রমাণকসহ প্রয়োজনীয় তথ্য মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-১৬৯০/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে *Affidavit in opposition* দাখিলক্রমে (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ৩০.০৬.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-৬-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৮২.১৯.৮৭/১(৭)

তারিখ: ২৮ জ্যেষ্ঠ ১৪২৬
১১ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) উপসচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৭) অফিস কপি, মাস্টার কপি

১১-৬-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)